
- ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি পরিবীক্ষণ, সমস্যা ও সুপারিশ সম্পর্কে মতবিনিময়;
- ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি): LGED, RHD, REB and BWDP- এই ৪টি সংস্থায় ই-জিপি'র সফল প্রয়োগের পর বর্তমানে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ক্রয়কারী কার্যালয়ে ই-জিপি পোর্টালের মাধ্যমে সরকারী ক্রয় কার্যক্রম চলছে। ৩০ নভেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ে সিপিটিইউ- এর ব্যবস্থাপনায় স্থাপিত ই-জিপি পোর্টালের (www.eprocure.gov.bd) মাধ্যমে ১,৩০,০৫৬ টি দরপত্র আহবান করা হয়েছে। একই সময়ে ১,৩০০ এর অধিক সরকারি ক্রয়কারী সংস্থার মধ্যে ১,১৬৮ টি ই-জিপিতে যুক্ত হয়েছে।




**মোবাইল অ্যাপ্‌স:** ই-জিপি বিষয়ে সহযোগিতা দেয়ার জন্য সরকারি ক্রয় বিষয়ে একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। এই মোবাইল অ্যাপটি পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত টেন্ডার নোটিশের তথ্য প্রদান করে। সহজ ও সুবিধাজনক এই মোবাইল অ্যাপটি দরপত্র এবং ই-জিপি সুবিধাগুলো জানার ক্ষেত্রে তথ্য পরিবেশন করে। মোবাইল অ্যাপটি এ্যান্ড্রয়েড স্মার্ট ফোন ব্যবহারকারীর হাতের নাগালে প্রাসঙ্গিক তথ্যাবলী এনে দিয়েছে। অ্যাপটি সিপিটিইউ ওয়েবসাইট (www.cptu.gov.bd) থেকে ডাউনলোড করা যায়। Google Play Store-এ CPTU লিখে ক্লিক করেও ডাউনলোড করা যায়।

**হেল্প ডেস্ক:** টেন্ডারার এবং সরকারি ক্রয়কারী সংস্থাকে ই-জিপি বিষয়ক সহযোগিতা দেয়ার জন্য সিপিটিইউতে রয়েছে ২৪/৭ হেল্প ডেস্ক।

**সার্বক্ষণিক সাহায্য** ২৪/৭

- শর্টকোড ১৬৫৭৫
- ফোন: +৮৮ ০৯৬০৯ ১১২২৩৩ (হান্টিং)
- মোবাইল: +৮৮ ০১৭৬২৬২৫৫২৮, +৮৮ ০১৭৬২৬২৫৫২৯
  +৮৮ ০১৭৬২৬২৫৫৩০, +৮৮ ০১৭৬২৬২৫৫৩১
- অনলাইন ট্র্যাকিং সিস্টেম: www.helpdesk.eprocure.gov.bd
- ই-মেইল: helpdesk@eprocure.gov.bd
- ওয়েব সাইট: www.eprocure.gov.bd/HelpDesk.jsp

## উপসংহার


২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রমকে জোরদার এবং মূল্যায়ন কার্যক্রমকে পরিমাপযোগ্য করার ক্ষেত্রে আইএমইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আউটকাম বেইজড মনিটরিং সিস্টেম প্রবর্তনসহ পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রমের সকল ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির অধিকতর ব্যবহারকে আইএমইডি অগ্রাধিকার প্রদান করছে।

**www.imed.gov.bd**
**www.cptu.gov.bd**
**www.eprocure.gov.bd**
**www.helpdesk.eprocure.gov.bd**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়

যেখানে আপনার একটি স্বপ্ন আছে

**সময় এখন আমাদের, সময় এখন বাংলাদেশের**




Project Management Information System (PMIS)

**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**
Implementation Monitoring & Evaluation Division (IMED)
পরিকল্পনা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd




## পটভূমি

স্বাধীনতা উত্তরকালে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন গতিশীল করার জন্য ১৯৭৫ সালের জানুয়ারি মাসে মালয়েশীয় মডেলে ‘প্রকল্প বাস্তবায়ন ব্যুরো (পিআইবি)’ সৃষ্টি করা হয়। পরবর্তীতে দায়িত্ব ও কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় ১৯৮৪ সালে পিআইবি-কে একটি বিভাগে উন্নীত করে ‘বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ’ নামে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা হয়। বর্তমানে তা ‘আইএমইডি’ নামে সর্বাধিক পরিচিত।

## আইএমইডি’র সাংগঠনিক কাঠামো

এ বিভাগের আওতায় ১টি প্রশাসন অনুবিভাগ, ৮টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর, ১টি সমন্বয় ও এমআইএস সেক্টর ও ১টি সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) রয়েছে। ১ জন সচিব, ১ জন অতিরিক্ত সচিব, ১ জন বিভাগ প্রধান, ৯ জন মহাপরিচালক, ১ জন যুগ্ম-সচিবসহ মোট ১২৯ জন ১ম শ্রেণী, ৬০ জন ২য় শ্রেণী, ৯৪ জন ৩য় শ্রেণী ও ৫৫ জন ৪র্থ শ্রেণীর কর্মচারি সমন্বয়ে এ বিভাগের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## এ বিভাগের প্রধান কার্যক্রম


- বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত (এডিপি) উন্নয়ন প্রকল্পসমূহের শতভাগ বাস্তবায়ন পরিবীক্ষণ;
- প্রতি অর্থবছরে সমাপ্ত প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন;
- নির্বাচিত গুরুত্বপূর্ণ চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ;
- নির্বাচিত গুরুত্বপূর্ণ সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন;
- প্রকল্পওয়ারী বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংগ্রহ এবং সংকলনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী, এনইসি, একনেক, মন্ত্রণালয়সমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্যদের জন্য প্রতিবেদন প্রণয়ন;
- প্রকল্প বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাসমূহকে প্রয়োজনে বিশেষজ্ঞ এবং পরামর্শ সেবা প্রদান;
- স্পট ভেরিফিকেশনের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন অবস্থা জানার জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন;
- প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের মধ্যে সমন্বয় করে প্রকল্পের বাস্তবায়ন সমস্যা দূরীকরণের জন্য ব্যবস্থা গ্রহণ;
- প্রয়োজনের আলোকে প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রধানমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে উপস্থাপন;
- সিপিটিইউ ও তথ্য প্রযুক্তি প্রয়োগসহ সরকারি ক্রয়ের বিধান সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট (পিপিএ)-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুল্‌স (পিপিআর)-২০০৮ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি।

## কার্যপদ্ধতি

- **পরিবীক্ষণ:**

একটি প্রকল্প অনুমোদিত হয়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবার পর হতে এ বিভাগের পরিবীক্ষণ কার্যক্রম শুরু হয়। অনুমোদিত প্রকল্পের ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল (ডিপিপি)/টেকনিক্যাল এসিস্ট্যান্স প্রজেক্ট প্রপোজাল (টিএপিপি) আইএমইডিতে প্রাপ্ত হওয়ার পর আইএমইডি’র সংশ্লিষ্ট সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রকল্প পরিবীক্ষণের উদ্যোগ নেন। পরিবীক্ষণ কার্যক্রমের পর্যায়গুলো হলো:

- **সংশ্লিষ্ট প্রকল্প নির্দিষ্ট সময় অন্তর পরিদর্শন;**
- **পরিদর্শনকালে ডিপিপি/টিএপিপি অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা সে বিষয় নিশ্চিত হওয়া;**
- **প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা/প্রতিকূলতা থাকলে তা নির্ধারণ করা এবং সে সমস্যা দূরীকরণে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয় /বিভাগকে পরামর্শ প্রদান;**
- **আউটসোর্সিং পদ্ধতিতে ব্যক্তি পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে নির্বাচিত গুরুত্বপূর্ণ চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ;**
- **অর্থবছর ভিত্তিক এডিপি বাস্তবায়ন পর্যালোচনা প্রতিবেদন মুদ্রণ ও প্রকাশ।**




PROJECT IMPLEMENTATION PROCESS TO ACHIEVE GOALS

- **মূল্যায়ন:**
  - **প্রকল্প বাস্তবায়ন শেষে মন্ত্রণালয়/বিভাগ হতে প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট প্রাপ্তির পর প্রতিটি সমাপ্ত প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন;**
  - **আউটসোর্সিং পদ্ধতিতে ব্যক্তি পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে নির্বাচিত গুরুত্বপূর্ণ সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন;**
  - **অর্থবছর ভিত্তিক সমাপ্ত প্রকল্পের প্রান্তিক মূল্যায়ন প্রতিবেদনের ওপর পুস্তক মুদ্রণ ও প্রকাশ।**

## আইএমইডি কর্তৃক ই-সেবা প্রদান

- বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের মাসিক অগ্রগতি তথ্য প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) এর মাধ্যমে সংগ্রহ;

